# প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ হবে ৯০ নম্বরের MCQ এবং ১০ নম্বরের ভাইভা পরীক্ষার মাধ্যমে!

## জেনে নিন

### কী পড়বেন? কীভাবে পড়বেন?

- প্রাইমারি প্রধান শিক্ষক পদে প্রস্তুতির প্রথম ধাপ হচ্ছে এই পরীক্ষার বিগত প্রশ্নপত্র বিশ্লেষণ, বিষয়ভিত্তিক সিলেবাস ও মানবণ্টন সম্পর্কে জানা, পরীক্ষা পদ্ধতি ও গুরুত্বপূর্ণ টপিক সম্পর্কে ধারণা অর্জন করা।
- মাত্র ২টি ধাপ (MCQ Type লিখিত+ভাইভা) পার করতে পারলেই নন ক্যাডার পদের প্রাইমারির প্রধান শিক্ষকের সরকারি চাকরিটি নিশ্চিত করা সম্ভব। এজন্য প্রস্তুতি থাকতে হবে শতভাগ।
- যেহেতু বাংলা ও ইংরেজি মিলিয়ে মোট ৫০ নম্বর তাই এই দুইটি বিষয়ে গুরুত্ব দিতে হবে সবচেয়ে বেশি।
- তবে গণিত ও দৈনন্দিন বিজ্ঞান এবং সাধারণ জ্ঞানের জন্যও আলাদা সময় রাখতে হবে।

# প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ হবে ৯০ নম্বরের MCQ এবং ১০ নম্বরের ভাইভা পরীক্ষার মাধ্যমে!

## জেনে নিন

### কী পড়বেন? কীভাবে পড়বেন?

- বাংলা ব্যাকরণ অংশের জন্য নবম-দশম শ্রেণির বোর্ড বই থেকে সিলেবাস অনুযায়ী গুরুত্বপূর্ণ টপিকগুলো উদাহরণ সহ পড়ুন।
- বাংলা সাহিত্য অংশের প্রাচীন, মধ্যযুগ ও আধুনিক যুগের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম, কবি সাহিত্যিক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সম্পর্কে জানুন। পাশাপাশি পিএসসি নির্ধারিত ৯৯জন কবি সাহিত্যিক সম্পর্কে জানুন, বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব সম্পর্কে জানুন, পত্রপত্রিকা, ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত গ্রন্থ ও চলচ্চিত্র ইত্যাদি সম্পর্কে বিস্তারিত পড়ুন।
- English Grammar এর গুরুত্বপূর্ণ টপিকগুলো (যেমন-Noun, Article, Determiner, Number, Gender, Pronoun, Adjective, Degree, Verb, Tense, Right form of Verb, Adverb, Preposition, Conjunction, Interjection, Subject-Verb Agreement, Sentence, Transformation of Sentences, Correction, Clause, Conditional, Voice, Narration, Tag Question) থেকে যে Rules গুলো বেশি কমন এবং যেগুলো থেকে বেশি প্রশ্ন আসে সেই Rules এবং Examples গুলো বেশি বেশি প্র্যাকটিস করতে হবে।

# প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ হবে ৯০ নম্বরের MCQ এবং ১০ নম্বরের ভাইভা পরীক্ষার মাধ্যমে!

## জেনে নিন

### কী পড়বেন? কীভাবে পড়বেন?

- ইংরেজি সাহিত্যের বিভিন্ন যুগের (যেমন- Old English, Middle English, Elizabethan, Romantic, Victorian ও Modern Period) কবি সাহিত্যিকদের নাম ও তাদের উল্লেখযোগ্য সৃষ্টিকর্ম সম্পর্কে পড়ুন।
- ইংরেজি সাহিত্যের বিখ্যাত কবি সাহিত্যিকদের (যেমন-William Shakespeare, John Milton, Alexander Pope, Henry Fielding, Jonathan Swift, William Wordsworth, S.T.Coleridge, Percy Bysshe Shelley, John Keats, Charles Dickens, George Eliot, George Bernard Shaw, W. B. Yeats, T. S. Eliot,Ernest Hemingway ইত্যাদি) বিভিন্ন বিখ্যাত সব গ্রন্থ, উপন্যাস ও নাটকের বিভিন্ন চরিত্র সম্পর্কে জানুন।
- গণিতে ভালো করার ক্ষেত্রে নিয়মিত অনুশীলনের কোনো বিকল্প নেই।
- ৭ম-৮ম ও ৯ম-১০ম (সাধারণ ও উচ্চতর গণিত) শ্রেণির বোর্ড বই থেকে প্রাইমারির সিলেবাস অনুযায়ী পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতির গুরুত্বপূর্ণ টপিকগুলো নিয়মিত প্র্যাকটিস করতে হবে। গাণিতিক সমস্যাগুলো পরীক্ষায় দ্রুত সমাধানের জন্য বিভিন্ন শর্টকাট টেকনিক ব্যবহার করতে হবে।

প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ হবে ৯০ নম্বরের MCQ এবং ১০ নম্বরের ভাইভা পরীক্ষার মাধ্যমে!

# জেনে নিন

## কী পড়বেন? কীভাবে পড়বেন?

- সাধারণ বিজ্ঞানের গুরত্বপূর্ণ টপিকগুলো পড়ার পাশাপাশি বিগত বিসিএস, নন ক্যাডার, শিক্ষক নিবন্ধন ও প্রাইমারিসহ বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় আসা দৈনন্দিন বিজ্ঞানের প্রশ্নগুলো সমাধান করুন। সাধারণ বিজ্ঞান অংশে আইসিটি পার্টটিকেও গুরুত্বের সাথে দেখতে হবে। প্রকৌশলী মুজিবুর রহমান রচিত একাদশ ও দ্বাদশ শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বইটি থেকে সিলেবাস অনুযায়ী গুরুত্বপূর্ণ টপিকগুলো পড়ে ফেলুন।
- সাধারণ জ্ঞানের বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলির প্রস্তুতির জন্য যেকোন ভালো একটি বই থেকে মৌলিক বিষয়গুলো পড়ে ফেলুন। পাশাপাশি নিয়মিত পত্রিকা পড়া জরুরী। বিশেষ করে পত্রিকার জাতীয়, আন্তর্জাতিক, সম্পাদকীয়, বিনোদন ও খেলাধুলার পাতাটি ভালোমত দাগিয়ে পড়ুন।

## প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ হবে ৯০ নম্বরের MCQ এবং ১০ নম্বরের ভাইভা পরীক্ষার মাধ্যমে!

# জেনে নিন

### কী পড়বেন? কীভাবে পড়বেন?

- সাধারণ জ্ঞানের গুরুত্বপূর্ণ সাম্প্রতিক তথ্যগুলো প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স থেকে পড়ুন।
- প্রাইমারির প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রস্তুতির জন্য প্রতিটি বিষয়ে বিগত বিসিএস প্রাইমারি, শিক্ষক নিবন্ধন ও বিভিন্ন নন-ক্যাডার পদের বিগত ১০ সালের প্রশ্ন সমাধান করতে হবে।
- প্রতিটি বিষয়ের প্রস্তুতির জন্য নির্ধারত বোর্ড বইসহ বিষয় সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বইগুলো পড়তে হবে।